তারিখ ... 14 FEB 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪

দৈনিক সংবাদ

10

২৬

খাতা জালিয়াতি মামলা

# একই রোল নম্বরের আরো তিনটি খাতা উদ্ধার

কুমিল্লা, ১৩ই ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতার ফোন)।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের স্নাতক (পাস) পরীক্ষার খাতা জালিয়াতি মামলায় গ্রেফতারকৃত ৬ জনের মধ্যে ২ জনকে পুনরায় পুলিশ রিমাণ্ডে আনা হয়েছে। গতকাল মোবারক হোসেন ও তাজুল ইসলামকে পুলিশ ৩

( ৭ম পাতায় দেখুন )

## খাতা জালিয়াতি

(১ম পাতার পর)

দিনের রিমাণ্ডে আনার আবেদন জানালে আদালত দু'দিনের পুলিশ রিমাণ্ডে প্রেরণের নির্দেশ দেন। এর আগে গত বৃহস্পতিবার এদের ৩ দিনের পুলিশ রিমাণ্ডে আনা হয়েছিল। গ্রেফতারকৃত তিন অধ্যাপক রেহান উদ্দিন, আবুল বাশার ও কানন চন্দ্র সাহা এবং পরীক্ষার্থিনী ফওজিয়া পারভীন বর্তমানে জেল হাজতে রয়েছেন।

পুলিশ অধ্যাপক রেহানের কাছ থেকে নম্বর বাড়িয়ে দেয়ার জন্য লেখাসম্বলিত কিছু সুপারিশপত্র উদ্ধার করেছে। এসব পত্র লেখকের মধ্যে একজন ডক্টরেটসহ বেশ কয়েকজন বিশিষ্ট ব্যক্তি রয়েছেন। পুলিশ একই রোল নম্বরের আরো ৩টি খাতা উদ্ধার করেছে। এনিয়ে এ পর্যন্ত একই রোল নম্বরের ৫টি খাতা উদ্ধার করা হলো।

পুলিশ অধ্যাপক রেহান ও অধ্যাপক বাশারের কাছ থেকে আটককৃত সমাজকল্যাণ তৃতীয় পত্রের ৯শ'২টি খাতার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কাছে চিঠি দিয়েছে। এসব খাতা পরীক্ষণের জন্য বিশ্ববিদ্যালয় এই দু' অধ্যাপকের নামে বরাদ্দ করেছিল।